

(৫)

প্রথম আলো

তারিখ ... AUG. 20-2008 ...
সংখ্যা ... ৩ ... কলাম ... ১ ...

বিজ্ঞান আয়োজন

বাংলাদেশের স্কুল-কলেজ পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এবং বায়োটেকনোলজিকে পরিচিত করার লক্ষ্যে 'স্কুল ডেমনস্ট্রেশন প্রোগ্রাম' নামে বছরব্যাপী একটি কর্মসূচি শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের শিক্ষার্থীদের বিজ্ঞান সংগঠন জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি ক্লাব (জিইবিসি) ও ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের যৌথ উদ্যোগে এই কর্মসূচি শুরু হয় গত ১২ আগস্ট থেকে। বছরব্যাপী এ কর্মসূচির আওতায় প্রতি মাসে একটি করে অনুষ্ঠান হবে ব্রিটিশ কাউন্সিল মিলনায়তনে। প্রতি অনুষ্ঠানে দুটি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের আমন্ত্রণ জানানো হবে।

এই কর্মসূচির জন্য আর্থিক সহযোগিতা দিচ্ছে দি একমি ল্যাবরেটরিজ লিমিটেড। গত ১২ আগস্ট কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য অধ্যাপক আফ ম ইউসুফ হায়দার। সেদিন প্রথম প্রতিষ্ঠান হিসেবে স্কুল ডেমনস্ট্রেশন প্রোগ্রামে যোগ দেয় ইংরেজি মাধ্যমের ম্যাপললিফ ইন্টারন্যাশনাল স্কুল। অনুষ্ঠানে জিইবিসির সদস্যরা মোট চার পর্বে বায়োটেকনোলজির বিভিন্ন বিষয় অংশগ্রহণকারীদের কাছে সহজ ভাষায় তুলে ধরেন। প্রথমেই মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে ডিএনএর মলিকুলার বায়োলজি এবং এর ব্যবহারিক

শিক্ষার্থীদের জন্য জিইবিসির ব্যতিক্রমী উদ্যোগ



প্রয়োগের মাধ্যমে প্রযুক্তির বিকাশ তুলে ধরা হয়। চমৎকার সব অ্যানিমেশন ও তথ্যসমৃদ্ধ এ উপস্থাপনা মুগ্ধ করে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের। এ পর্ব শেষে আসে কলা থেকে ডিএনএ আলাদা করার পর্ব। অংশগ্রহণকারীরা অত্যন্ত আগ্রহ ভরে অংশ নেয় এ পর্বে। অনুষ্ঠানের পরবর্তী পর্বে চারটি সুদৃশ্য পোস্টারের মাধ্যমে বায়োটেকনোলজির বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরে সেগুলো অংশগ্রহণকারী শিক্ষার্থীদের

কাছে ব্যখ্যা করা হয়। পোস্টারগুলোতে ছিল জিএম শস্য, ক্রোনিং, ফরেনসিক ডিএনএ, থেরাপিউটিক এবং ইভোলিউয়াল বায়োটেকনোলজির মতো গুরুত্বপূর্ণ এবং মজার বিষয়। 'বায়োটেকনোলজি: বাংলাদেশ পারস্পেকটিভস' শীর্ষক একটি পোস্টারের মাধ্যমে বাংলাদেশে বায়োটেকনোলজির বর্তমান অবস্থান এবং ভবিষ্যতে করণীয় সম্বন্ধে দিকনির্দেশনা উপস্থাপন করা হয়। অনুষ্ঠানে ডিএনএর বিসুত্রক গঠনের সম্পর্কতা তুলে ধরা হয় প্রাস্টিকের নিউক্লিওটাইড ব্লক দিয়ে। অনুষ্ঠানটির প্রতি শিক্ষার্থীদের ব্যাপক আগ্রহ লক্ষ করা যায়।

□ মুশতাক ইবনে আম্বুব